ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উদ্ভাবনী উদ্যোগ

অর্থবছর: ২০২৪-২৫



Labbaik মোবাইল App



হজ প্রি-পেইড কার্ড



মোবাইল ফোনে রোমিং সুবিধা

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.mora.gov.bd

১. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

স্বাধীনতা পরবর্তী বাংলাদেশে ধর্ম বিষয়ক কার্যক্রম প্রথমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে শুরু হয়। অতঃপর এ মন্ত্রণালয়ের ক্রীড়া, সংস্কৃতি ও ধর্ম মন্ত্রণালয়ের আওতাভুক্ত ছিল। ২৫ জানুয়ারি, ১৯৮০ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (Ministry of Religious Affairs) একটি পৃথক মন্ত্রণালয় হিসেবে যাত্রা শুরু করে। বিগত ৮ মার্চ, ১৯৮৪ সালে মন্ত্রণালয়টির নামকরণ করা হয় Ministry of Religious Affairs and Endowment. পরবর্তীতে ১৪ জানুয়ারি, ১৯৮৫ তারিখে উক্ত নাম পরিবর্তন করে পুনরায় মন্ত্রণালয়ের নামকরণ করা হয় Ministry of Religious Affairs তথা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। ১৯৮০ সালে কার্যক্রম শুরুর পর হতে স্বতন্ত্র মন্ত্রণালয় হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ইসলামিক ফাউন্ডেশন, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, হজ অফিস ঢাকা, হজ অফিস, জেদ্দা/ মক্কা, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং মন্ত্রণালয়ের বিভিন্ন শাখার মাধ্যমে সরকারের ধর্ম বিষয়ক সকল কার্যক্রম পরিচালনাসহ দপ্তরগুলোর কার্যক্রমের মনিটরিং ও সমন্বয় করছে।

২. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রধান কার্যাবলি (Allocation of Business অনুযায়ী)

১। ধর্ম বিষয়ক আন্তর্জাতিক সংস্থা এবং ধর্মীয় ক্ষেত্রে অন্যান্য আন্তর্জাতিক কর্মসূচী।
২। জাতীয় ও আন্তর্জাতিক ধর্ম বিষয়ক সংস্থা এবং সভায় অংশগ্রহণ।
৩। ধর্মীয় ক্ষেত্রে প্রকাশনা উন্নয়ন।
৪। ধর্মীয় দাতব্য বিষয়াদি ও প্রতিষ্ঠানসমূহ।
৫। ধর্ম বিষয়ক জাতীয় সংস্থাসমূহ এবং উহাদের জন্য সহায়ক অনুদান।
৬। ধর্মীয় সংস্থা/প্রতিষ্ঠানসমুহ এবং ধর্মীয় কার্যাবলী সংক্রান্ত সমুদয় বিষয়াদি।
৭। হজনীতি, হজ প্রশাসন এবং তীর্থযাত্রা সংক্রান্ত বিষয়াদি।
৮। ওয়াকফ সংক্রান্ত বিষয়াদি।
৯। চাঁদ দেখা সংক্রান্ত বিষয়াদি।
১০। গুরুত্বপূর্ণ ধর্মীয় উৎসব উৎযাপন সংক্রান্ত বিষয়াদি।
১১। ধর্ম এবং ধর্ম বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, পরামর্শ, সেমিনার ইত্যাদি সংক্রান্ত বিষয়।
১২। বিদেশ হতে আগত ও বিদেশ গমণকারী ধর্মীয় প্রতিনিধিদল সংক্রান্ত কার্যাবলী।
১৩। ইসলামিক সংহতি তহবিল সংক্রান্ত।
১৪। অন্যান্য দেশের সংগে ধর্মীয় বিষয়ক চুক্তি, সমঝোতা, কনভেনশন সংক্রান্ত কার্যাবলী।
১৫। বিশ্ব যুব মুসলিম সম্মেলন স্থায়ী ক্যাম্প প্রতিষ্ঠা সংক্রান্ত বিষয়াদি।
১৬। উৎসর্জন বিষয়ক বিষয়াদি।
১৭। আর্থিক বিষয়াদিসহ সচিবালয় প্রশাসন।
১৮। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে সাব-অফিস ও সংস্থাসমুহের প্রশাসন নিয়ন্ত্রণ।
১৯। আন্তর্জাতিক সংস্থাসমূহ এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বন্টনকৃত বিষয়াদি সম্পর্কিত অন্যান্য দেশ ও বিশ্ব সংস্থার সঙ্গে সন্ধি এবং চুক্তি সংক্রান্ত বিষয়াদির লিয়াজো।
২০। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে ন্যাস্ত বিষয়াদির উপর সমুদয় আইন।
২১। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে ন্যাস্ত যে-কোন বিষয়ের উপর তদন্ত এবং পরিসংখ্যান।
২২। কোর্টে গৃহীত ফি বাদে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে ন্যাস্ত যেকোন বিষয় সংক্রান্ত ফি সমূহ।

৩. ২০২৪-২৫ অর্থবছরে গৃহিত উদ্ভাবনী উদ্যোগ

ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রতি অর্থবছরেই বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় ২০২৪-২৫ অর্থবছরে হজযাত্রীদের সেবায় নিম্নলিখিত উদ্ভাবনী উদ্যোগসমূহ গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে।

- আধুনিক প্রযুক্তি নির্ভর মোবাইল অ্যাপ 'Labbaik'
- হজ প্রি-পেইড কার্ড
- মোবাইল ফোনে রোমিং সুবিধা

আধুনিক প্রযুক্তি নির্ভর মোবাইল অ্যাপ 'Labbaik'

হজের সফরে হজযাত্রীগণ বিভিন্ন চ্যালেঞ্জ এবং সমস্যার সম্মুখীন হন। হজযাত্রীদের নিরবচ্ছিন্ন ও মানসম্মত সেবা প্রদানের লক্ষ্যে আধুনিক প্রযুক্তি নির্ভর মোবাইল অ্যাপ সৃজন করা হয়েছে। হজের সফরকে আরও সহজ, মসৃন, নিরাপদ এবং বিভিন্ন চ্যালেঞ্জ নিরসনে মাননীয় প্রধান উপদেষ্টার নিবিড় তত্ত্বাবধান ও নির্দেশনায় 'Labbaik' শিরোনামের মোবাইল অ্যাপ তৈরি করা হয়েছে। অ্যাপটি হজ ব্যবস্থাপনায় এক নতুন দিগন্ত উন্মোচন করেছে।

'Labbaik' অ্যাপের উল্লেখযোগ্য সুবিধাসমূহ:

- সুবিধা এবং ব্যবহারের সহজতা: হজ সম্পর্কিত সমস্ত প্রয়োজনীয় তথ্য এবং কাজ এক জায়গায় কেন্দ্রীভূত করে সমগ্র হজ প্রক্রিয়াকে সহজ করা;
- পরিকল্পনা গ্রহণে সহায়তা: হজ সম্পর্কে তথ্যের মাধ্যমে হজযাত্রীকে হজ প্রস্তুতি এবং তা প্রতিপালনে সহায়তা করবে;
- আর্থিক ব্যবস্থাপনা: হজ প্রি-পেইড কার্ড, লেনদেন ট্র্যাকিং এবং দ্রুত টপ-আপ হজযাত্রার সময় নিরাপদ এবং সুবিধাজনক আর্থিক ব্যবস্থাপনা প্রদান;
- নিরাপত্তা এবং সুরক্ষা: জরুরি অবস্থার সময়, হজযাত্রীদের যোগাযোগ এবং চিকিৎসা সংক্রান্ত তথ্য, SOS এবং আবহাওয়ার সতর্কতার মাধ্যমে হজযাত্রীদের নিরাপত্তা এবং সুরক্ষা বৃদ্ধি;
- সংযোগ এবং যোগাযোগ।

ডাউনলোড অ্যাপ (অ্যান্ড্রয়েড ব্যবহারকারীর জন্য):

গুগল প্লে স্টোর থেকে 'Labbaik' অ্যাপটি ডাউনলোড করুন: ডাউনলোড লিংক অথবা কিউআর কোড থেকে স্ক্যান করে ডাউনলোড করুন।

ডাউনলোড অ্যাপ (আইফোন ব্যবহারকারীর জন্য):

অ্যাপ স্টোর থেকে 'Labbaik' অ্যাপটি ডাউনলোড করুন: ডাউনলোড লিংক অথবা কিউআর কোড থেকে স্ক্যান করে ডাউনলোড করুন।

অ্যাপে রেজিস্ট্রেশন পদ্ধতি:

(ক) রেজিস্ট্রেশনের সময় হজযাত্রীর মোবাইল নম্বর, পিআইডি (পিলগ্রিম আইডি) ও জন্ম তারিখ প্রয়োজন হবে।

(খ) OTP (One Time Password) যাচাই এর পর ৪ ডিজিটের পিন সেট করতে হবে।

(গ) একজন হাজী তার পরিবারের সর্বোচ্চ ৩ জন সদস্যকে Invitation পাঠিয়ে অ্যাপে যুক্ত করতে পারবে।

(ঘ) পরিবারের সদস্যের নাম ও মোবাইল নম্বর দিয়ে Invitation পাঠালে উক্ত সদস্য তার মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করার পর তাঁরা হাজীর তথ্য জানতে পারবেন।

(ঙ) এছাড়াও গেস্ট (সবার জন্য উন্মুক্ত) ইউজার হিসেবেও রেজিস্ট্রেশন করা যাবে।

বৈশিষ্ট্য/সুবিধাসমূহ:

(ক) হজযাত্রী হারিয়ে গেলে বা গুরুতর অসুস্থ বা বিপদে পড়লে জরুরি মুহূর্তে অ্যাপ থেকে SoS (Save Our Souls) বাটনে ক্লিক করলে সাপোর্ট টিম হাজীকে উদ্ধার/সহায়তা করবেন।

(খ) জানা যাবে: নামাজের সময়সূচী

(গ) প্রতিদিনের করণীয় বিষয়ে: দৈনিক হজ সিডিউল

(ঘ) আবহাওয়ার পূর্বাভাস

(ঙ) আবাসন তথ্য যেমন হোটেলের নাম, ঠিকানা, দূরত্ব, ছবি, ভিডিও, চেক-ইন/চেক-আউট তারিখ ইত্যাদি

(চ) হজযাত্রী ফ্লাইটের বিস্তারিত তথ্য যেমন ফ্লাইট কোড, বোর্ডিং টাইম, ডিপারচার ও অ্যারাইভাল টাইম, লাগেজের ওজন সীমা ইত্যাদি

(ছ) লোকেশন ট্রাকিং যেমন হজযাত্রী গুগল ম্যাপে নিজেদের বা দলের অন্যান্য সদস্যদের অবস্থান নির্ণয়

(জ) পরিবারের সদস্য কর্তৃক তাদের হজযাত্রী ট্রাকিং

(ঝ) মিনা-আরাফার তাঁবুর লোকেশন ট্র্যাকিং

(ঞ) হজ প্রি-পেইড কার্ডের ব্যালান্স

(ট) ডিজিটাল স্বাস্থ্য প্রোফাইল তথ্য ও সার্বক্ষণিক ভার্চুয়াল স্বাস্থ্য সহায়তা

(ঠ) বাংলাদেশ মেডিক্যাল সেন্টার ও সৌদি হাসপাতালের তথ্য

(ড) গাইডভিত্তিক গ্রুপ যোগাযোগ সুবিধা

(ঢ) কুরআন ও হাদিস লাইব্রেরি, কিবলা নির্দেশনা, ডিজিটাল তাসবিহ, হজ ও উমরাহ সহায়িকা

(ন) কুরবানি কুপন সংগ্রহ কেন্দ্রের তালিকা ও মক্কা ও মদিনার ঐতিহাসিক স্থানের বিবরণ

(প) হজ এজেন্সির তথ্য যেমন এজেন্সি নাম, লাইসেন্স নম্বর, প্যাকেজ, রেটিং, রিভিউ প্রদান ইত্যাদি সেবা।

স্লোগান - *আপনার হজযাত্রা আরও সুন্দর হোক 'লাবাইক' এর সাথে* -

হজ প্রি-পেইড কার্ড



হজের সফরে হজযাত্রীগণের দৈনন্দিন খরচ নির্বাহ, কোরবানী, কেনাকাটা ইত্যাদি কাজে বাংলাদেশি মুদ্রাকে সৌদি মুদ্রায় রূপান্তর করে সাথে নিয়ে যেতে হয়। অনেকসময় হজযাত্রীগণ অর্থ হারিয়ে ফেলেন। ফলে হজযাত্রীগণ নানাবিধ সমস্যার সম্মুখীন হন। হজযাত্রীদের হজযাত্রাকে নির্বিঘ্ন, নিরাপদ এবং আর্থিক ব্যবস্থাপনাকে সহজকরণের লক্ষ্যে হজযাত্রীদের জন্য "হজ প্রি-পেইড কার্ড" চালু করা হয়েছে।

কার্ডের বৈশিষ্ট্য:

(ক) কার্ড ইস্যুতে একাউন্ট খোলার প্রয়োজন নেই
(খ) কার্ডের মেয়াদ ০৫ বছর
(গ) এটি ক্যাশের পরিপূরক

কার্ডের উল্লেখযোগ্য সুবিধাসমূহ নিম্নরূপ:

- তৎক্ষণাৎ কার্ড ইস্যু ও ডেলিভারি
- কার্ড ইস্যুতে কোন চার্জ/ফি নেই
- Transaction প্রসেস ফি ৩% এর স্থলে ১%
- হজ পরবর্তী সময়েও এ কার্ড ব্যবহার করা যাবে
- দ্রুততম সময়ে বাংলাদেশি টাকায় ডলার/ সৌদি রিয়াল লোড করা যাবে;
- প্রত্যেক হজযাত্রী USD 1200 সমপরিমাণ বৈদেশিক মুদ্রা (প্রায় ১,৫০,০০০ টাকা) কার্ডে লোড করে নিতে পারবেন;
- সৌদি আরবে MASTER CARD লোগোযুক্ত এটিএম বুথ থেকে নগদ সৌদি রিয়াল উত্তোলন করা যাবে;
- সৌদি আরবে POS (Point of Sale) মেশিনে পেমেন্ট সুবিধা;
- কার্ডে ব্যালান্স রিলোড সুবিধা;
- অব্যবহৃত ব্যালান্স রিফান্ড সুবিধা;
- পিন নম্বর পরিবর্তনে সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা;
- মোবাইল অ্যাপের মাধ্যমে কার্ডের ব্যালান্স জানা যাবে।

কার্ড ইস্যু ও ডলার এনডোর্সমেন্টে প্রয়োজন:

(ক) ইসলামী ব্যাংকের সকল শাখা থেকে এ কার্ড পাওয়া যাবে
(খ) মূল পাসপোর্ট/ পাসপোর্টের ফটোকপি
(গ) জাতীয় পরিচয়পত্র
(ঘ) ২ কপি ছবি
(ঙ) হজ ভিসার কপি
(চ) সচল মোবাইল নম্বর

তথ্য জানার জন্য যোগাযোগ:

দেশ থেকে (i) কল সেন্টারঃ ১৬২৫৯ এবং ০২-৮৩৩১০৯০ (ii) ইসলামী ব্যাংকের যে কোন শাখায় যোগাযোগ
বিদেশ থেকে (i) হোয়াটসঅ্যাপ নম্বরঃ +৮৮০১৮৪৪২৪২৬৪৬, +৮৮০১৮১৩১৯৭৯১৫ (ii) কল সেন্টার নম্বরঃ +৮৮০৯৬১১০১৬২৫৯

মোবাইল ফোনে রোমিং সুবিধা



২০২৫ সালের হজে প্রথমবারের মত সম্মানিত হজযাত্রীদের জন্য বিশেষ ফোন রোমিং সুবিধা চালু করা হয়েছে। হাজীগণ সৌদি আরবে মোবাইল সিম ক্রয় ছাড়াই বাংলাদেশে ব্যবহৃত নিজস্ব মোবাইল সিম এর মাধ্যমে প্রিয়জনদের সঙ্গে কথা বলতে ও বার্তা পাঠাতে পারছেন। হজ রোমিং প্যাকেজসমূহ সৌদি মোবাইল অপারেটরসমূহের রেটের তুলনায় সাশ্রয়ী। হাজীগণ প্রচলিত পেমেন্ট গেটওয়ে অথবা অপারেটরদের মোবাইল অ্যাপসের মাধ্যমে দেশীয় মুদ্রায় সহজেই ১-৬০ দিন পর্যন্ত বিভিন্ন মেয়াদের প্যাকেজ ক্রয় ও অ্যাক্টিভেট করতে পারবেন।

হজ রোমিং প্যাকেজের উল্লেখযোগ্য সুবিধাসমূহ নিম্নরুপঃ

- হজযাত্রীগণ সৌদি আরবের মোবাইল সিম কেনার ঝামেলা ছাড়াই সৌদি আরব পৌঁছামাত্র বাংলাদেশে ব্যবহৃত তার নিজস্ব মোবাইল সিম ব্যবহারের মাধ্যমে ভয়েস ও ডাটা সার্ভিস ব্যবহার করতে পারবেন;
- হাজীগণ সহজেই বাংলাদেশে থাকা প্রিয়জনদের সঙ্গে কথা বলতে ও বার্তা পাঠাতে পারবেন;
- প্রদত্ত হজ রোমিং প্যাকেজসমূহ সৌদি আরবের মোবাইল অপারেটরসমূহের রেটের তুলনায় সাশ্রয়ী;
- হাজীগণ প্রচলিত পেমেন্ট গেটওয়েসমূহ অথবা অপারেটরদের মোবাইল অ্যাপসমূহের মাধ্যমে দেশীয় মুদ্রায় সহজেই ১ দিন থেকে ৬০ দিন পর্যন্ত বিভিন্ন মেয়াদের প্যাকেজ ক্রয় ও অ্যাক্টিভেট করতে পারবেন।

গ্রামীণফোন হজ স্পেশাল রোমিং প্যাকেজ (প্রি-পেইড ও পোস্ট-পেইড)

ক্রম	হজ রোমিং প্যাকেজ	টকটাইম	ডাটা	টাকার পরিমাণ
০১.	১ দিন মেয়াদী ইন্টারনেট প্যাকেজ	-	৫০০ এমবি	১৫৪.০০
০২.	৭ দিন মেয়াদী কম্বো প্যাকেজ	৩০ মিনিট	৩ জিবি	৭৪৮.০০
০৩.	৪৫ দিন মেয়াদী ভয়েস প্যাকেজ	১০০ মিনিট	-	১,৪৯৬.০০
০৪.	৪৫ দিন মেয়াদী ইন্টারনেট প্যাকেজ	-	২০ জিবি	২,১৯৯.০০
০৫.	৬০ দিন মেয়াদী কম্বো প্যাকেজ	৭৫ মিনিট	১৫ জিবি	২,৫৯৯.০০
০৬.	৪৫ দিন মেয়াদী কম্বো ম্যাক্স প্যাকেজ	১৫০ মিনিট	আনলিমিটেড ইন্টারনেট তবে (৪০ জিবি ব্যবহারের পর স্পিড হবে ১ Mbps)	৫,৯৯৯.০০

* গ্রামীনফোনের প্যাকেজসমূহ ক্রয়ের দিন হতেই সক্রিয় হবে

রবি হজ স্পেশাল রোমিং প্যাকেজ (প্রি-পেইড ও পোস্ট-পেইড)

ক্রম	হজ রোমিং প্যাকেজ	টকটাইম	ডাটা	টাকার পরিমাণ
০১.	৬০ দিন মেয়াদী কম্বো প্যাকেজ	২৫০ মিনিট	৪৫ জিবি	৪,৯৯৮.০০
০২.	৩০ দিন মেয়াদী কম্বো প্যাকেজ	৩০ মিনিট	১০ জিবি	১,৭৯৮.০০
০৩.	৫০ দিন মেয়াদী কম্বো প্যাকেজ	৫০ মিনিট	২০ জিবি	২,১৯৮.০০
০৪.	১ দিন মেয়াদী ইন্টারনেট প্যাকেজ	-	৫০০ এমবি	১৪৬.০০
০৫.	৭ দিন মেয়াদী কম্বো প্যাকেজ	৩০ মিনিট	৪ জিবি	৬৯৬.০০
০৬.	৪০ দিন মেয়াদী ভয়েস প্যাকেজ	১০০ মিনিট	-	১৩৯৬.০০

* রবির প্যাকেজসমূহ ক্রয়ের দিন হতেই সক্রিয় হবে

বাংলালিংক হজ স্পেশাল রোমিং প্যাকেজ (প্রি-পেইড ও পোস্ট-পেইড)

ক্রম	হজ রোমিং প্যাকেজ	টকটাইম	ডাটা	টাকার পরিমাণ
০১.	৭ দিন মেয়াদী কম্বো প্যাকেজ	১৫ মিনিট	৩ জিবি	৫৯৪.০০
০২.	১৫ দিন মেয়াদী কম্বো প্যাকেজ	১৫ মিনিট	৮ জিবি	৯৯৪.০০
০৩.	৩০ দিন মেয়াদী কম্বো প্যাকেজ	৩০ মিনিট	১৫ জিবি	১,৯৯৪.০০
০৪.	৪৫ দিন মেয়াদী কম্বো প্যাকেজ	৫০ মিনিট	২৫ জিবি	২,৪৯৪.০০
০৫.	৬০ দিন মেয়াদী কম্বো প্যাকেজ	৩০০ মিনিট	৫০ জিবি	৬,৪৯৪.০০

* বাংলালিংকের প্যাকেজসমূহ হাজীগণ সৌদি আরব পৌছামাত্র সক্রিয় হবে।

বাংলালিংকের Postpaid গ্রাহকরা রোমিং Voice Call সুবিধা পাবেন না।

বি.দ্র. প্যাকেজ মূল্যের চেয়ে কম অথবা বেশি টাকা রিচার্জ করলে প্যাকেজ অ্যাক্টিভেট হবে না।

এক নজরে 'Labbaik' মোবাইল অ্যাপ, হজ প্রি-পেইড কার্ড এবং মোবাইল ফোনে রোমিং সুবিধা গ্রহণ সংক্রান্ত হালনাগাদ তথ্য (২৯ জুন ২০২৫ পর্যন্ত)

ক্রম	বিবরণ	সংখ্যা
১.	'Labbaik' মোবাইল অ্যাপ রেজিস্ট্রেশন	৩০,২৩৪ জন
২.	হজ প্রি-পেইড কার্ড গ্রহণ	২,৬৫৭ জন
৩.	মোবাইল ফোনে রোমিং সুবিধা গ্রহণ	৩১,৮০০ জন